

আত-তাগাবুন | At-Taghabun | التَّغَابُنُ

আয়াতঃ ৬৪ : ১২

আরবি মূল আয়াত:

وَأَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ فَإِنْ تَوَلَّتُمْ فَإِنَّمَا عَلَى رَسُولِنَا الْبَلْغُ

المُبِينُ ۚ ۱۲

A | ✇ অনুবাদসমূহ:

তোমরা আল্লাহর আনুগত্য কর এবং রাসূলের আনুগত্য কর। কিন্তু তোমরা যদি মুখ ফিরিয়ে নাও, তবে আমার রাসূলের তো একমাত্র দায়িত্ব হচ্ছে স্পষ্টভাবে বাণী পৌঁছে দেয়। — আল-বায়ান

তোমরা আল্লাহর আনুগত্য কর ও রাসূলের আনুগত্য কর। অতঃপর যদি তোমরা মুখ ফিরিয়ে লও (তাহলে তোমাদেরকে সঠিক পথে ফিরিয়ে আনার জন্য জোর জবরদস্তি করা হবে না) কেননা, আমার রাসূলের দায়িত্ব কেবল (আমার বাণী) স্পষ্টভাবে পৌঁছে দেয়। — তাইসিরুল

আল্লাহর আনুগত্য কর এবং তাঁর রাসূলের আনুগত্য কর, যদি তোমরা মুখ ফিরিয়ে নাও তাহলে আমার রাসূলের দায়িত্ব শুধু স্পষ্টভাবে প্রচার করা। — মুজিবুর রহমান

And obey Allah and obey the Messenger; but if you turn away - then upon Our Messenger is only [the duty of] clear notification. — Sahih International

১২. আর তোমরা আল্লাহর আনুগত্য কর এবং রাসূলের আনুগত্য কর; অতঃপর যদি তোমরা মুখ ফিরিয়ে নাও, তবে আমাদের রাসূলের দায়িত্ব শুধু স্পষ্টভাবে প্রচার করা।

-

তাফসীরে জাকারিয়া

(১২) তোমরা আল্লাহর আনুগত্য কর এবং তাঁর রাসূলের আনুগত্য কর। কিন্তু যদি তোমরা মুখ ফিরিয়ে নাও, তাহলে আমার রাসূলের দায়িত্ব শুধু স্পষ্টভাবে প্রচার করা। [1]

[1] অর্থাৎ, আমার রাসূলের তাতে কিছু এসে যাবে না। কেননা, তাঁর কাজ শুধু পৌঁছে দেওয়া। ইমাম যুহরী (রঃ) বলেন, আল্লাহর কাজ রাসূল প্রেরণ করা। আর রাসূলের কাজ পৌঁছে দেওয়া। মানুষের কাজ তা মান্য করা। (ফাতহুল কাদীর)

তাফসীরে আহসানুল বাযান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5211>

১ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন